

ত্রিপুরা সরকার  
উচ্চশিক্ষা দপ্তর  
অফিস লেন, আগরতলা ;

**(NEC Merit- Scholarship-2018(1st year Fresh and 2nd year Renewal) সম্পর্কিত বিজ্ঞপ্তি  
subject to release of fund from NEC Secretariat for the year 2018-19.**

এতদ্বারা রাজ্য এবং বহিঃরাজ্যে প্রথম বর্ষে পাঠরত স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয় গুলিতে নিয়মিত হিসাবে ডিগ্রী, ডিপ্লোমা, পি.জি., পি.জি.ডিপ্লোমা, এম.ফিল, পি.এইচ.ডি. নির্ধারিত কোর্সে পাঠরত ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ১৫ই-নভেম্বর ২০১৮ইং হইতে ২৯-ই ডিসেম্বর ২০১৮ইং তারিখের মধ্যে NEC Merit Scholarship-এর জন্য National Scholarship portal (NSP-2.0) (<http://scholarship.gov.in>)-এর মাধ্যমে অনলাইন দরখাস্ত জমা দিতে পারবে। নির্ধারিত তারিখের পর আর কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

অনলাইনে আবেদন করার যোগ্যতাবলী :-

১। ছাত্র-ছাত্রীকে ত্রিপুরার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। দরখাস্তকারীর পারিবারিক বাৎসরিক আয় ৪.৫ (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে হতে হবে। এই মর্মে মহকুমা শাসক কর্তৃক issue করা পারিবারিক আয়ের সার্টিফিকেট অনলাইনে আপলোড করতে হবে।

৩। আবেদনকারীর আধার নাম্বার নিজ নিজ ব্যাঙ্ক একাউন্ট এর সঙ্গে সংযোগস্থাপন (Seeding) থাকতে হবে।

৪। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ৭০ শতাংশ নম্বর সাধারণ প্রার্থী এবং ৬০ শতাংশ নম্বর তপশিলী জাতি এবং উপজাতী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে থাকতে হবে।

(মেডিকেল ব্রাঞ্চ-এর ক্ষেত্রে দ্বাদশ (XII) শ্রেণীর পি.সি.বি. গ্রুপ এবং ইঞ্জিনিয়ারিং-এর ক্ষেত্রে পি.সি.এম. গ্রুপের নম্বর দেখা হবে। এছাড়া অন্য সকল ব্রাঞ্চ-এর জন্য **over all percentage** দেখা হবে)।

২০১৮-১৯ ইং শিক্ষাবর্ষে যারা ১ম বর্ষে এবং Degree lateral entry স্তরে ভর্তী হয়েছেন কেবলমাত্র ঐ সমস্ত ছাত্র-ছাত্রীগণ (Fresh Application) এবং ২০১৭-১৮ ইং শিক্ষাবর্ষে যারা ১ম বর্ষের স্টাইপেন্ড পেয়েছেন কেবলমাত্র ঐ সমস্ত ছাত্র-ছাত্রীগণ (2nd yr Renewal) দাখিল করার জন্য বিবেচিত হবে। পি.এইচ.ডি এবং এম.ফিল ছাত্রছাত্রীগণের সাবজেক্ট টপিকগুলো অপরিবর্তিত থাকবে এবং বিষয়টি বিশেষত উত্তর-পূর্বাঞ্চলের সাথে সুসংগত হতে হবে।

আবেদনকারী ছাত্র-ছাত্রীদের আবেদন পত্র কলেজ/ইউনিভারসিটির দায়িত্বপ্রাপ্ত প্রধান কর্তৃক অনলাইনে ভেরিফিকেশন ৩০-ই ডিসেম্বরের মধ্যে করতে হবে। Online Application Form Submit করার পর আবেদনপত্রগুলি ডাউনলোড করে (Hard Copy) নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান এবং উচ্চশিক্ষা দপ্তরের স্টাইপেন্ড সেকশন -- এই দুইস্থানে Hard Copy ভেরিফিকেশন করার জন্য জমা দিতে হবে। ৩০শে ডিসেম্বরের পর জমা করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

উচ্চশিক্ষা দপ্তরে Fresh Application Hard Copy জমা দেওয়ার সময় নিম্নলিখিত প্রতিলিপি জমা দিতে হবে :-

(১) আধার নম্বর, (২) Birth Certificate/Madhyamik Admit Card, (৩) Students-এর নিজস্ব Bank Account Pass Book (1st page Xerox), (৪) Bank Branch -এর IFS Code No. এবং A/C No., (৫) মোবাইল নাম্বার, (৬) ত্রিপুরায় স্থায়ী বসবাসের প্রমাণপত্র (PRTC), (৭) ইনকাম সার্টিফিকেট, (৮) Students e-mail, (৯) পারিবারিক রেশন কার্ড, (১০) প্যান কার্ড, (১১) ১ কপি পাসপোর্ট সাইজের ফটো, (১২) Mark Sheet copy, (১৩) S.C/S.T Certificate Xerox copy.

এবং Renewal Application Hard Copy জমা দেওয়ার সময় নিম্নলিখিত প্রতিলিপি জমা দিতে হবে :-

(১) আধার নম্বর, (২) Students-এর নিজস্ব Bank Account Pass Book (1st page Xerox), (৩) মোবাইল নাম্বার, (৪) Mark Sheet copy.

১৬

(ডি. দেববর্মা)

যুগ্ম অধিকর্তা

উচ্চশিক্ষা দপ্তর, আগরতলা,

ত্রিপুরা